

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি দপ্তর

\*\*\*\*\*

স-১৫২ (আগরতলা ২১০৪)

আগরতলা, ২১ এপ্রিল, ২০২৪

বিশ্ববিদ্যালয়গুলিকে ত্রিপুরার উন্নয়নে অংশীদার হতে হবে : রাজ্যপাল



গবেষণা ও তার প্রয়োগের মধ্য দিয়ে বিভিন্ন সমস্যা সমাধান করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতি আহ্বান জানিয়েছেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। আজ রাজভবনে আয়োজিত ‘ওয়ার্ল্ড ক্রিয়েটিভিটি অ্যান্ড ইনোভেশন ডে-২০২৪’র উদ্বোধন করে রাজ্যপাল এই আহ্বান জানান। রাজ্যপাল বলেন, বিভিন্ন মহাবিদ্যালয়, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়গুলিকে ত্রিপুরার উন্নয়নে অংশীদার হতে হবে। সামাজিক, কৃষি, উদ্যান বিষয়ক কারিগরি ক্ষেত্রের উন্নয়নে বিশ্ববিদ্যালয়গুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে। দীর্ঘমেয়াদী বা স্বল্পমেয়াদী গবেষণার ক্ষেত্রে সিআইএসআর, সিআইএআর, সিসিএমবি বা এনআইএন প্রভৃতি কেন্দ্রীয় সংস্থাগুলোর সাহায্য নেওয়া যেতে পারে। ছাত্রছাত্রীদের সর্বভারতীয় পরীক্ষায় সফল হওয়ার মত করে গড়ে তোলার জন্য বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানগুলির প্রতি রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আহ্বান জানান।

এই অনুষ্ঠানে এনআইটি আগরতলার ডিরেক্টর এবং প্রফেসরগণ, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ, কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রিন্সিপাল এবং অধ্যাপকগণ, ভেটেরিনারি কলেজের প্রিন্সিপাল, এমবিবি ইউনিভার্সিটির অধ্যাপক, আইসিএআর’র বিজ্ঞানীগণ ক্রিয়েটিভিটি অ্যান্ড ইনোভেশন বিষয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে রাজ্যপালের উপসচিব রতন ভৌমিক উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*